

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

বনু খোযা'আহর পরিচয় (ةعارف بني خزاعة)

বনু খোযা'আহ গোত্রের সাথে বনু হাশেমের মৈত্রীচুক্তি আব্দুল মুত্ত্বালিবের যুগ হ'তেই চলে আসছিল। কুরায়েশ বংশের প্রবাদ প্রতীম নেতা কুছাই বিন কিলাবের স্ত্রী অর্থাৎ 'আদে মানাফের মা ছিলেন খোযা'আহ গোত্রের মহিলা। সে হিসাবে বনু হাশেমকে তারা তাদের সন্তান মনে করত। তারও পূর্বের ঘটনা এই যে, বনু খোযা'আহ ছিল এক সময় বায়তুল্লাহর তত্ত্বাবধায়ক ও মক্কার শাসকগোত্র। তাদের সর্বশেষ নেতা 'হুলাইল'(حُبَيُ) তার কন্যা হুবাই (حُبَيُ) বা হুববা (حُبَيُ) –কে কুছাই বিন কিলাবের সাথে বিবাহ দেন এবং বিয়ের সময় বায়তুল্লাহর মুতাওয়াল্লীর দায়িত্ব কন্যাকে অর্পণ করেন। সাথে সাথে আবু গুবশান(أبو غُبُشَانِ) কে কন্যার উকিল নিয়োগ করেন। হুলাইলের মৃত্যুর পর আবু গুবশান এক মশক শরাবের বিনিময়ে তার উকিলের দায়িত্ব কুছাইকে অর্পণ করেন। এভাবে কুছাই বিন কিলাব তার স্ত্রীর উকিল হিসাবে বায়তুল্লাহর তত্ত্বাবধায়ক নিযুক্ত হন। তাছাড়া বনু খোযা'আহ ধারণা করত যে, তাদের নেতা হুলাইল তার জামাতা কুছাইকে পরবর্তী নেতা হিসাবে অছিয়ত করে গেছেন। অতঃপর কুছাই তার মেধা ও দূরদর্শিতার বদৌলতে বিভক্ত কুরায়েশ বংশকে ঐক্যবদ্ধ করেন এবং তার অবিসংবাদিত নেতা হিসাবে বরিত হন (ইবনু হিশাম ১/১১৭-১৮)।

উপরোক্ত বিষয়গুলি বিবেচনা করে বনু খোযা'আহ সর্বদা বনু হাশেমের মিত্র হিসাবে থাকত। মুসলমান না হওয়া সত্ত্বেও কেবল বনু হাশেমের সন্তান হিসাবে তারা সর্বদা রাসূলুল্লাহ (ছাঃ)-এর পক্ষে অবস্থান নিত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5579

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন